



ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট  
(ইস্যু প্রশাসন শাখা)  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website : [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিসিএম পরিপত্র নং- ১২/২০১৫

তারিখ : ২৮ কার্তিক, ১৪২২  
১২ নভেম্বর, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক গ্রাহকদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে  
সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান এবং ধাতব মুদ্রা বিনিময় প্রসঙ্গে।

শীর্ষোক্ত বিষয়ে অত্র বিভাগের ০৭/০৯/২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নং-৮/২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা  
যাচ্ছে।

উক্ত পরিপত্রে, জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু লেনদেন অব্যাহত রাখার স্বার্থে তাঁদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে  
সকল প্রকার নোট গ্রহণ, বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান, ধাতব মুদ্রা গ্রহণ এবং বিতরণের  
বিষয়টি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু বিভিন্ন উৎস হতে জানা যাচ্ছে যে, তফসিলী ব্যাংকের শাখাগুলো  
কর্তৃক জনসাধারণের নিকট হতে ধাতব মুদ্রা গ্রহণ এবং অনেকক্ষেত্রে জনসাধারণের মাঝে ধাতব মুদ্রা বিতরণও করা হচ্ছে না।  
ফলে ধাতব মুদ্রা বিনিময়ে জনসাধারণ বিড়ম্বনার সম্মুখীন হচ্ছেন যা তাঁদের স্বাভাবিক অর্থনৈতিক লেনদেনে বিঘ্ন সৃষ্টি করছে। এ  
অবস্থার নিরসনকল্পে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনের জন্য পরামর্শ প্রদান করা হলো :

১. তফসিলী ব্যাংকের শাখাগুলো তাদের গ্রাহকদের নিকট হতে ১, ২ এবং ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা এবং  
কাগুজে নোট গ্রহণ করবে;
২. জনসাধারণের স্বাভাবিক লেনদেনের স্বার্থে প্রতিটি শাখায় ১, ২ এবং ৫ টাকা মূল্যমান ধাতব মুদ্রার প্রতিটির  
ন্যূনতম ১০,০০০ পিস করে সংরক্ষণ করতে হবে; তবে স্থানীয় কার্যালয় ও অন্যান্য বড় শাখাকে বর্ণিত সংখ্যার  
তিনগুণ অর্থাৎ প্রতিটি মূল্যমানের ৩০,০০০ পিস করে ধাতব মুদ্রা সংরক্ষণ করতে হবে;
৩. সংশ্লিষ্ট ব্যাংক তাদের জন্য নির্ধারিত (২নং ক্রমিকে বর্ণিত) পরিমাণের অতিরিক্ত ধাতব মুদ্রা বাংলাদেশ ব্যাংকে  
জমা দিতে পারবে। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংককে নিশ্চিত হতে হবে যে, তাদের সকল শাখায় তাদের জন্য  
নির্ধারিত পরিমাণ ধাতব মুদ্রা সংরক্ষিত আছে; এবং
৪. বাংলাদেশ ব্যাংকে ধাতব মুদ্রা জমাদানের প্রয়োজন হলে ব্যাংক শাখাগুলো শক্ত মোটা কাপড়ের ব্যাগ/থলে  
ব্যবহার করবে। প্রতিটি ব্যাগ/থলেতে মূল্যমান নির্বিশেষে ১,০০০ পিস করে ধাতব মুদ্রা রেখে ব্যাগ/থলের মুখ  
সিলগালা করে অথবা সিকিউরিটি ট্যাগ দ্বারা বন্ধ করে বাংলাদেশ ব্যাংকে জমা প্রদান করতে হবে। একই  
ব্যাগ/থলেতে একাধিক মূল্যমানের ধাতব মুদ্রা রাখা যাবে না। ব্যাংকের নিজস্ব ফ্লাই লিফ পূরণ করে তা আঠার  
সাহায্যে ব্যাগের গায়ে লাগিয়ে দিতে হবে।  
এ নির্দেশনা লঙ্ঘিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।  
এ প্রসঙ্গে ইস্যুকৃত অত্র বিভাগের ০৭/০৯/২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নং-৮/২০১৫ এর অপরাপর  
নির্দেশনা অপরিবর্তিত থাকবে।  
এ নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নাসিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯০